গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-২ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বরঃ ৪৬.০০.০০০০.০৮৫.২৮.০২৫.২০২২ (অংশ-১)-৪৯৯

তারিখঃ ১২ ভাদ্র ১৪৩০
২৭ আগস্ট ২০২৩

বিষয়ঃ পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ অনুযায়ী কুমিল্লা শহরে পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ওয়াসা) গঠনের লক্ষ্যে তথ্য প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিবেশবান্ধব, টেকসই ও গণমুখী সুপেয় পানি সরবরাহ এবং স্বাস্থ্যসম্মত পয়ঃনিষ্কাশন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ অনুযায়ী কুমিল্লা শহরে পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ওয়াসা) গঠনে সরকার নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত নগরীতে ওয়াসা গঠনকল্পে নিম্নোক্ত ছক এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগে প্রস্তাব প্রেরণ সংক্রান্ত চেকলিস্ট মোতাবেক তথ্য প্রয়োজনঃ

ছক-১

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| সিটি কর্পোরেশন/পৌরসভার নাম | পানি সরবরাহ শাখায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের নাম | পদবি | গ্রেড | চাকরির মেয়াদ | মোট জনবলের সংখ্যা | বেতন ভাতা বাবদ মাসিক খরচ | অন্যান্য তথ্য (যদি থাকে) |

ছক-২

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ক্রমিক | সিটি কর্পোরেশন/পৌরসভার নাম | পানি সরবরাহ খাতে বিগত ৫(পাঁচ) বছরের আয় সংক্রান্ত তথ্য (মাস ওয়ারি) | পানি সরবরাহ খাতে বিগত ৫(পাঁচ) বছরের ব্যয় সংক্রান্ত তথ্য (মাস ওয়ারি) | বকেয়া অর্থের পরিমাণ (যদি থাকে) | মতামত |

০২। এমতাবস্থায়, পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ অনুযায়ী কুমিল্লা শহরে ওয়াসা গঠনের লক্ষ্যে চাহিদা মোতাবেক তথ্যাদি (সফট কপি ও পিডিএফ কপি ইমেইলে এবং হার্ডকপি) আগামী ০৭/০৯/২০২৩ তারিখের মধ্যে স্থানীয় সরকার বিভাগের পাস-২ শাখায় আবশ্যিকভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তিঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের চেকলিস্ট।**

24/8/26

(মোঃ মুস্তাফিজুর রহমান)
উপসচিব
ফোন: ০২৫৫১০০৩৭০
lgws2@lgd.gov.bd
watersupply_02@yahoo.com

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মেয়র, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
২। জেলা প্রশাসক, কুমিল্লা
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, কুমিল্লা সিটি কর্পোরেশন

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে)

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (পাস/প্রশাসন/নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)